67

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 1 4 1999
পৃষ্ঠা: ৩ কলাম ৮

# বগুড়ায় সাক্ষরতা আন্দোলন কর্মসূচী গৃহীত

ভ্রাম্যমাণ প্রতিনিধি, বগুড়া অফিস ॥ বগুড়া জেলার ৫ লক্ষ ২৮ হাজার ২৪৮ জন নিরক্ষর নর-নারীর সাবিক সাক্ষরতা আন্দোলন 'উন্নয়নে বগুড়া' কর্মসূচী গ্রহণ করা হইয়াছে। বগুড়া জেলা প্রশাসন প্রাথমিকভাবে জেলার ৫টি থানায় এই কর্মসূচী বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করিয়াছেন। গত সোমবার স্থানীয় ও জাতীয় দৈনিকের সাংবাদিকদের সহিত মতবিনিময়কালে জেলা প্রশাসক মোঃ শামসুল হক কর্মসূচী ঘোষণা করিয়া জানান, আগামী মাস হইতে ৫টি থানা বগুড়া সদর, গাবতলী, শিবগঞ্জ, কাহালু ও নন্দীগ্রাম থানার ১১ হইতে ৪৫ বছর বয়সী ৩ লক্ষ এক হাজার ২৪ জন নর-নারীর শিক্ষার ব্যবস্থা করা হইবে। এই লক্ষ্যে ৯ হাজার ৯ শত ৯২টি শিক্ষা কেন্দ্র স্থাপনের কাজ সম্পন্ন হইয়াছে।

## জ্যোতির্ময় মাদারীপুর

টেকেরহাট (মাদারীপুর) সংবাদদাতা ॥ সাবিক সাক্ষরতা আন্দোলন 'জ্যোতির্ময় মাদারীপুর' সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে গত ১১ই জুলাই রাজৈর থানা মিলনায়তনে এক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়। থানা নির্বাহী অফিসারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় মাদারীপুর জেলা, প্রশাসক, পুলিশ সুপার, সিভিল সার্জন, স্কুল, কলেজের শিক্ষক, চেয়ারম্যান, মেম্বর, সাংবাদিক, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দসহ সকল স্তরের জনগণ উপস্থিত ছিলেন। সভায় সাক্ষরতা আন্দোলন 'জ্যোতির্ময় মাদারীপুর' সফল করার অঙ্গীকার ব্যক্ত করেন। এই অনুষ্ঠানের মধ্যে দিয়া জেলার রাজৈর থানায় জ্যোতির্ময় মাদারীপুর শুরু হয়।